(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-বস্ত্র/এম আই/সাঃ বৃত্তি নথি/৬৬২/১০. ১২০৬ তারিখ-২৬/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ বস্ত্র পরিদপ্তর নিয়ন্ত্রণাধীন বিএসসি ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টেক্সটাইল ইন্সটিটিউট, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট সমূহের ছাত্র-ছাত্রীদের বৃত্তি ও প্রশিক্ষণ ভাতার নীতিমালা প্রণয়ন প্রসংগে।

সূত্রঃ ১। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের স্মারক নং-২৪.০২.০০০০.১১৫.২০.০০১.১৫.৩৮, তারিখ-২২/০১/১৭ খ্রিঃ।
২। বস্ত্র পরিদপ্তররের স্মারক নং-বস্ত্র/এমআই/সাঃ বৃত্তি নথি/৬৬২/১০-১২০১, তারিখ-২৩/০৪/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বস্ত্র পরিদপ্তর পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বৃত্তি ও প্রশিক্ষণ ভাতা প্রণয়ন কমিটির এক সভা গত ২০/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটি কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষার্থীদের বৃত্তি ও প্রশিক্ষণ ভাতার নীতিমালা প্রণয়ন করে অত্র পরিদপ্তরে দাখিল করেন। উক্ত নীতিমালা পরিচালক, বস্ত্র পরিদপ্তর অনুমোদন করেন। অনুমোদনকৃত নীতিমালা অনুযায়ী বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অফিস আদেশ জারির তারিখ (২২/০১/২০১৭) হতে বৃত্তির হার কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বৃত্তি ও প্রশিক্ষণ ভাতার সংশোধিত নীতিমালা (০৩ পাতা)।

০৮/০৫/১৭
(মোঃ সাইফুর রহমান)
উপ-পরিচালক (কারিগরি)
পরিচালক, বস্ত্র পরিদপ্তরের পক্ষে।
ফোনঃ ৯১১৩৪১৫,
E-mail: ddmi@dot.gov.bd ।

নং-বস্ত্র/এম আই/সাঃ বৃত্তি নথি/৬৬২/১০. ১২০৬ (১০)
তারিখ-২৬/০৪/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,------------------------------------।
০২। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট,----------------------------------------।
০৩। উপ-পরিচালক, বিভাগীয় বস্ত্র পরিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম।
০৪। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, -----------------------------------।
০৫। সহকারী পরিচালক, প্রশাসন (হিসাব), বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
০৬। জনাব মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরীয়ান, বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
০৭। মাষ্টার ফাইল।

০৮/০৫/১৭
(শৈলেশ চন্দ্র ঘোষ)
সহকারী পরিচালক (কারিগরি)
পরিচালক, বস্ত্র পরিদপ্তরের পক্ষে।
ফোনঃ ৯১১১১০৯,
E-mail: admi@dot.gov.bd

(সংশোধিত)

## বস্ত্র পরিদপ্তরের অধীনে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষার্থীদের বৃত্তি ও প্রশিক্ষণ ভাতা প্রদানের নীতিমালা

| কোর্সের নাম | প্রতিষ্ঠান | অর্থ বিভাগ কর্তৃক সম্মতিকৃত বৃত্তির হার | | শতকরা হার |
|---|---|---|---|---|
| | | মাসিক হার | এককালীন বার্ষিক | |
| এসএসসি ভোকেশনাল | টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট | ১২৫/- | ১২৫/- | ৬৫% |
| ডিপ্লোমা | টেক্সটাইল ইন্সটিটিউট | ১৬০/- | ১৬০/- | ৬৫% |
| বিএসসি | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ | ২০০/- | ২০০/- | ৬৫% |

### বৃত্তি প্রদানের নীতিমালা:

বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের শর্তাবলী

(১) আসন সংখ্যার (ড্রপ আউটসহ) ৬৫% শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে।

(২) বছরে দুই কিস্তিতে এ বৃত্তি প্রদান করা হবে (এককালীন অর্থ ১ম কিস্তির সাথে প্রদান করা হবে)।

(৩) প্রশিক্ষন (মিল ট্রেনিং) কালীন সময়ে বৃত্তি পাবে না।

(৪) ১ম পর্বে ক্লাস শুরু হবার দিন হতে বৃত্তি প্রদানকাল শুরু হবে।

(৫) বিশ্ববিদ্যালয় পরীক্ষায় অকৃতকার্য ছাত্র-ছাত্রী বৃত্তি বা অন্য কোন ভাতা পাবে না।

(৬) কোন অর্থ বছরে ১২ মাসের অধিক বৃত্তি প্রদান করা যাবে না এবং চার বছরে ৪৮ মাসের উর্ধ্বে হবে না।

(৭) ৮০% হাজিরা থাকতে হবে তবে উপযুক্ত কারনে এ হাজিরা কম হলে ডাক্তারী সনদপত্র দাখিল সাপেক্ষে ৭০% পর্যন্ত কতৃপক্ষ বিবেচনা করতে পারবেন।

(৮) কোন ছাত্র-ছাত্রীর নামে অভিযোগ প্রমাণিত হলে তাকে বৃত্তি বা ভাতাদি প্রদান করা যাবে না।

(৯) যদি সমমেধার (একই সিজিপি) একাধিক ছাত্র-ছাত্রী বিবেচিত হয় সে ক্ষেত্রে উপস্থিতির (তাত্বিক ও ব্যবহারিক) শতকরা হার বিবেচনা করা হবে। উপস্থিতির শতকরা হার সমান হলে ব্যবহারিক ক্লাসের উপস্থিতি অগ্রাধিকার পাবে। বোর্ড কর্তৃক বৃত্তি প্রাপ্তরাও এই বৃত্তি প্রাপ্য হবে।

(১০) একাডেমিক কমিটির সুপারিশের ভিত্তিতে অধ্যক্ষ বৃত্তির মঞ্জুরী প্রদান করবেন।

(১১) বৃত্তির টাকা বিভাগওয়ারী মেধার ভিত্তিতে প্রদান করা হবে।

(১২)

ক) লেভেল-১ : ভর্তি পরীক্ষার মেধানুযায়ী।

খ) লেভেল-২ : লেভেল-১ এর (১ম ও ২য় পর্ব) পরীক্ষার সম্মিলিত (সিজিপি) মেধানুযায়ী।

গ) লেভেল-৩ : লেভেল-২ এর পরীক্ষার সম্মিলিত (সিজিপি) মেধানুযায়ী।

ঘ) লেভেল-৪ : লেভেল-৩ এর পরীক্ষার সম্মিলিত (সিজিপি) মেধানুযায়ী।

(১৩) প্রশিক্ষন ভাতাঃ

(ক) প্রশিক্ষন ভাতার মেয়াদ ২ (দুই) মাস

(খ) প্রতি মাসে ১০০০/- (এক হাজার টাকা) হারে (১০০০×২)=২০০০/- (দুই হাজার টাকা) ভাতা প্রাপ্য হবেন।

## ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের শর্তাবলী

(১) আসন সংখ্যার (ড্রপ আউটসহ) ৬৫% শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে।

(২) বছরে দুই কিস্তিতে এ বৃত্তি প্রদান করা হবে (এককালীন অর্থ ১ম কিস্তির সাথে প্রদান করা হবে)।

(৩) মিল ট্রেনিং (প্রশিক্ষন) ভাতা পাবার তারিখ হতে বৃত্তি পাবে না।

(৪) ১ম পর্বে ক্লাস শুরু হবার দিন হতে বৃত্তি প্রদানকাল শুরু হবে।

(৫) বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য ছাত্র-ছাত্রী বৃত্তি বা অন্য কোন ভাতা পাবে না।

(৬) কোন অর্থ বছরে ১২ মাসের অধিক বৃত্তি প্রদান করা যাবে না এবং চার বছরে ৪৮ মাসের উর্ধ্বে হবে না।

(৭) ৮০% হাজিরা থাকতে হবে তবে উপযুক্ত কারনে এ হাজিরা কম হলে ডাক্তারী সনদপত্র দাখিল সাপেক্ষে ৭০% পর্যন্ত কর্তৃপক্ষ বিবেচনা করতে পারবেন।

(৮) কোন ছাত্র-ছাত্রীর নামে অভিযোগ প্রমাণিত হলে তাকে বৃত্তি বা ভাতাদি প্রদান করা যাবে না।

(৯) মেধাভিত্তিক বৃত্তি প্রদান করা হবে। যদি সমমেধার (একই জিপিএ) একাধিক ছাত্র-ছাত্রী বিবেচিত হয় সে ক্ষেত্রে উপস্থিতির (তাত্বিক ও ব্যবহারিক) শতকরা হার বিবেচনা করা হবে। উপস্থিতির শতকরা হার সমান হলে ব্যবহারিক ক্লাসের উপস্থিতি অগ্রাধিকার পাবে। বোর্ড কর্তৃক বৃত্তি প্রাপ্তরাও এই বৃত্তি প্রাপ্য হবে।

(১০) একাডেমিক কমিটির সুপারিশের ভিত্তিতে অধ্যক্ষ বৃত্তির মঞ্জুরী প্রদান করবেন।

(১১)

ক) <u>১ম বর্ষ:</u>

১ম পর্ব:- এসএসসি/সমমান/ভর্তি পরীক্ষার মেধানুযায়ী।
২য় পর্ব:- ১ম পর্বের চুড়ান্ত পরীক্ষার জিপিএ এর মেধার ভিত্তিতে।

খ) <u>২য় বর্ষ:</u>

৩য় পর্ব:- ২য় পর্বের চুড়ান্ত পরীক্ষার জিপিএ এর মেধার ভিত্তিতে।
৪র্থ পর্ব:- ৩য় পর্বের চুড়ান্ত পরীক্ষার জিপিএ এর মেধার ভিত্তিতে।

গ) <u>৩য় বর্ষ:</u>

৫ম পর্ব:- ৪র্থ পর্বের চুড়ান্ত পরীক্ষার জিপিএ এর মেধার ভিত্তিতে।
৬ষ্ঠ পর্ব:- ৫ম পর্বের চুড়ান্ত পরীক্ষার জিপিএ এর মেধার ভিত্তিতে।

ঘ) <u>৪র্থ বর্ষ:</u>

৭ম পর্ব:- ৬ষ্ঠ পর্বের চুড়ান্ত পরীক্ষার জিপিএ এর মেধার ভিত্তিতে।
৮ম পর্ব:- ৭ম পর্বের চুড়ান্ত পরীক্ষার জিপিএ এর মেধার ভিত্তিতে।

(১৩) <u>প্রশিক্ষন ভাতাঃ</u>

(ক) প্রশিক্ষন ভাতার মেয়াদ ৪ (চার) মাস

(খ) প্রতি মাসে ৫০০/- (পাঁচশত টাকা) হারে (৫০০×৪)=২০০০/- (দুই হাজার টাকা) ভাতা প্রাপ্য হবেন।

## এসএসসি ভোকেশনাল টেক্সটাইল শিক্ষাক্রমের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের শর্তাবলী

(১) সুপারিনটেনডেন্ট কর্তৃক মনোনীত প্রতি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউটের নূন্যতম ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি একাডেমিক কমিটি থাকবে। এ কমিটির সুপারিশ অনুযায়ী সুপারিনটেনডেন্ট বৃত্তি ও অন্যান্য ভাতার মঞ্জুরী প্রদান করবেন।

(২) আসন সংখ্যার (ড্রপ আউটসহ) ৬৫% শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে।

(৩) বছরে দুই কিস্তিতে এ বৃত্তি প্রদান করা হবে (এককালীন অর্থ ১ম কিস্তির সাথে প্রদান করা হবে)।

(৪) মিল ট্রেনিং (প্রশিক্ষন) ভাতা পাবার তারিখ হতে বৃত্তি পাবে না।

(৫) ৯ম শ্রেণীতে ক্লাস শুরু হবার দিন হতে বৃত্তি প্রদানকাল শুরু হবে।

(৬) বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য ছাত্র-ছাত্রী বৃত্তি বা অন্য কোন ভাতা পাবে না।

(৭) কোন বর্ষেই ১২ মাসের অধিক বৃত্তি প্রদান করা যাবেনা এবং দুই বছরে ২৪ মাসের উর্দ্ধে হবে না।

(৮) ৮০% হাজিরা থাকতে হবে তবে উপযুক্ত কারনে এ হাজিরা কম হলে ডাক্তারী সনদপত্র দাখিল সাপেক্ষে ৭০% পর্যন্ত কতৃপক্ষ বিবেচনা করতে পারবেন।

(৯) কোন ছাত্র-ছাত্রীর নামে অভিযোগ প্রমাণিত হলে তাকে বৃত্তি বা ভাতাদি প্রদান করা যাবে না।

(১০) মেধাভিত্তিক বৃত্তি প্রদান করা হবে। যদি সমমেধার একাধিক ছাত্র-ছাত্রী বিবেচিত হয় সে ক্ষেত্রে উপস্থিতির (তাত্ত্বিক ও ব্যবহারিক) শতকরা হার বিবেচনা করা হবে। উপস্থিতির শতকরা হার সমান হলে ব্যবহারিক ক্লাসের উপস্থিতি অগ্রাধিকার পাবে। বোর্ড কর্তৃক বৃত্তি প্রাপ্তরাও এই বৃত্তি প্রাপ্য হবে।

(১১) একাডেমিক কমিটির সুপারিশের ভিত্তিতে সুপারিনটেনডেন্ট বৃত্তির মঞ্জুরী প্রদান করবেন।

(১২)

ক) নবম শ্রেণী: জেএসসি/জেডিসি ফলাফলের ভিত্তিতে। জেএসসি/জেডিসি বিবেচনায় না আসলে অষ্টম শ্রেণীর ফলাফলের ভিত্তিতে।

খ) দশম শ্রেণীঃ নবম শ্রেণীর বোর্ড চুড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে।

(১৩) প্রশিক্ষন ভাতাঃ

(ক) প্রশিক্ষন ভাতার মেয়াদ ১.৫ (এক মাস পনেরো দিন) মাস

(খ) প্রশিক্ষনের জন্য নির্বাচিত সকল নিয়মিত শিক্ষার্থীরা প্রতি মাসে ৫০০/- (পাঁচশত টাকা) হারে (৫০০×১.৫)=৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা) ভাতা প্রাপ্য হবেন।

(গ) প্রশিক্ষন ভাতার কোড হতে বৃত্তির টাকা প্রদান করা যাবে।